

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৯১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - এ উম্মতের [উম্মতে মুহাম্মাদী (সা.)-এর] সাওয়াবের বিবরণ

اَلْفَصْلُ الثَّالِثُ (بَابِ ثَوَابِ هَذه)

আরবী

وَعَن أَبِي مُحَيْرِيزٍ قَالَ: قُلْتُ لِأَبِي جُمُعَةَ رَجُلٌ مِنَ الصَّحَابَةِ: حَدَّثْنَا حَدِيثًا سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. قَالَ: نَعَمْ أُحَدِّثُكُمْ حَدِيثًا جَيِّدًا تَغَدَّيْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَعَنَا أَبُو عُبَيْدَةَ بْنُ الْجَرَّاحِ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ. أَحَدُ خَيْرٌ منَّا؟ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَعَنَا أَبُو عُبَيْدَةَ بْنُ الْجَرَّاحِ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ. أَحَدُ خَيْرٌ منَّا؟ أَسلَمْنا وَجَاهَدْنَا مَعَكَ. قَالَ: «نَعَمْ قَوْمٌ يَكُونُونَ مِنْ بَعْدِكُمْ يُؤْمِنُونَ بِي وَلَمْ يَرَوْنِي» . رَواهُ أَحْمَدُ وَالدَّارِمِيُّ وَرَوَى رَزِينٌ عَنْ أَبِي عُبَيْدَةَ مِنْ قَوْلِهِ: قَالَ: يَا رَسُولَ اللَّهِ. أَحَدُ خَيْرٌ مِنَّا إِلَى آخِره خَيْرٌ مِنَّا إِلَى آخِره

حسن ، رواه احمد (4 / 106 ح 17102) و الدارمى (2 / 308 ح 2747) و رزين (لم اجده) [و صححہ الحاكم (4 / 85) و وافقہ الذهبى و سنده حسن] ـ (صَحِبح)

বাংলা

৬২৯১-[৯] আবৃ মুহায়রীয (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি আবৃ জুমু'আহ্ (রাঃ) নামক এক সাহাবীকে বললাম, আমাকে এমন একটি হাদীস বলুন, যা আপনি রাসূলুল্লাহ (সা.) হতে শুনেছেন। তিনি বললেন, হ্যাঁ, আমি তোমাকে খুবই চমৎকার একটি হাদীস বর্ণনা করব। একদিন আমরা রাসূলুল্লাহ (সা.) -এর সাথে সকালের খানা খাচ্ছিলাম। আবৃ উবায়দাহ্ ইবনুল জাররাহ (রাঃ)-ও আমাদের সাথে ছিলেন। তখন আবৃ উবায়দাহ্ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসূল! আমাদের চেয়েও কোন উত্তম লোক আছে কি? কেননা আমরা আপনার প্রতি ঈমান এনেছি এবং আপনার সঙ্গে থেকে জিহাদ করেছি। উত্তরে তিনি (সা.) বললেন, হ্যাঁ, তারা এমন এক কত্তম, যারা তোমাদের পরে দুনিয়াতে আসবে। আমার ওপর ঈমান আনবে, অথচ আমাকে তারা দেখেনি। [আহমাদ ও দারিমী, আর রযীন আবৃ উবায়দাহ্ হতে (يَا رُسُولُ اللَّهُ. أَحَدُ خُيْلُ اللَّهُ. أَحَدُ خُيْلُ اللَّهُ وَالْمَالِةُ وَالْمَالُولُ وَالْمُ مُوالُولُ اللَّهُ وَالْمَالُولُ وَالْمُ وَالْمَالُولُ وَاللَّهُ وَالْمَالُولُ وَالْمَالُولُ وَالْمُولُ اللَّهُ وَالْمَالُولُ وَالْمُولُ وَالْمُولُ وَاللَّهُ وَالْمَالُولُ وَالْمُولُ وَاللَّهُ وَالْمُولُ وَاللَّهُ وَالْمَالُولُ وَالْمُولُ وَاللَّهُ وَالْمُولُ اللَّهُ وَالْمُؤْلُ وَاللَّهُ وَالْمُؤْلُ وَاللَّهُ وَالْمُؤْلُ وَاللَّهُ وَالْمُؤْلُ وَاللَّهُ وَالْمُؤُلُولُ وَاللَّهُ وَالْمُؤْلُولُ وَاللَّهُ وَالْمُؤْلُولُ وَالْمُؤُلُولُ وَاللَّهُ وَالْمُؤْلُولُ وَاللَّهُ وَالْمُؤْلُولُ وَالْمُؤُلُولُ وَاللَّهُ وَالْمُؤْلُولُ وَاللَّهُ وَالْمُؤْلُولُ وَالْمُؤْلُولُ وَالْمُؤْلُولُ وَالْمُؤْلُولُ وَالْمُؤْلُولُ وَالْمُؤْلُولُ وَاللَّهُ وَالْمُؤْلُولُ وَالْمُؤُلُولُ وَالْمُؤْلُولُ وَالْمُؤُلُولُ وَالْمُؤْلُولُ وَالْمُؤْلُولُ وَالْمُؤْلُولُ وَالْم



করেছেন]

ফুটনোট

সহীহ: দারিমী ২৭৪৪, মুসনাদে আহমাদ ১৭০১৭, মুসনাদে আবূ ইয়া'লা ১৫৫৯, হিলইয়াতুল আওলিয়া ৫/১৪৯, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৩৪৫৭, আল মুসতাদরাক লিল হাকিম ৬৯৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَمَعَنَا أَبُو عُبَيْدَةَ بْنُ الْجَرَّاحِ) আবূ 'উবায়দাহ্ ইবনু জাররাহ হলেন আশারায়ে মুবাশশারাহ এর অন্যতম একজন।

(أَحَدُّ خَيْرٌ مِنًا؟) আমাদের সাথে যারা মিলিত হবে অথবা আমাদের পূর্ববর্তীদের মধ্য থেকে কিংবা পরবর্তীতে আসা লোকেরা আমাদের চাইতে উত্তম? যারা আপনার হাতে ইসলাম গ্রহণ করেছে এবং সংগ্রাম করেছে তাদের চাইতে। রাসূলুল্লাহ (সা.) বললেন, তোমাদের পরবর্তী দল তোমাদের চাইতে উত্তম হবে, কারণ তারা আমাকে না দেখে ঈমান আনয়ন করবে। এ দৃষ্টিকোণ থেকে তারা তোমাদের চাইতে শ্রেষ্ঠ হবে। যদিও তোমরা প্রতিদ্বন্দ্বিতায়, নিজ চোখে দেখাতে ও সংগ্রামে তাদের চাইতে তোমরাই উত্তম। (মিরক্রাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন